কালের কণ্ঠ

তারিখ ..21.MAY.2016....
পৃষ্ঠা ...2... কলাম...2......

ওবায়দুল কাদের বললেন

# প্রধানমন্ত্রীর সম্মতিতে লাঞ্ছিত শিক্ষককে পুনর্বহাল

**সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি ▷**

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নারায়ণগঞ্জের বন্দরে পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে প্রধানমন্ত্রীর সম্মতিতেই শিক্ষা মন্ত্রণালয় পুনর্বহাল এবং স্কুল ম্যানেজিং কমিটি ভেঙে দিয়েছে। তিনি বলেন, তদন্ত কমিটির পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়ার পর শিক্ষক লাঞ্ছনার বিষয়ে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## প্রধানমন্ত্রীর সম্মতিতে

▶▶ শেষ পৃষ্ঠার পর

গতকাল শুক্রবার দুপুরে নারায়ণগঞ্জের সোনারগাঁর মোগড়াপাড়া চৌরাস্তায় গুলিস্তান-সোনারগাঁ রুটে বোরাক পরিবহন সার্ভিসের ৩০টি এসি বাসের উদ্বোধন শেষে সাংবাদিকদের কাছে মন্ত্রী এসব কথা বলেন। এ সময় মন্ত্রীর সঙ্গে ছিলেন কেন্দ্রীয় আওয়ামী লীগের উপকমিটির সহসম্পাদক এ এইচ এম মাসুদ দুলালসহ বোরাক পরিবহন সার্ভিসের পরিচালকরা।

মন্ত্রী আরো বলেন, সরকার এ ব্যাপারে নির্বিকার ও নির্লিপ্ত নয়, নিশ্চুপও নয়। সরকার এ ব্যাপারে আন্তরিক; ঘটনা ঘটনার পর বিষয়টি অতি গুরুত্ব সহকারে নিয়ে ব্যবস্থা নিয়েছে। মন্ত্রী ওবায়দুল কাদের বলেন, 'আমরা যারা রাজনীতি করি তাঁদের পাঁচ বছরের অর্জন মাত্র পাঁচ মিনিটের খারাপ আচরণের কারণে শেষ হয়ে যেতে পারে।' মন্ত্রী আরো বলেন, সরকার ঘোষিত বাসভাড়া পুনর্নির্ধারণের বিষয়ে সরকার বিষয়টি মনিটর করছে। অতিরিক্ত ভাড়া আদায়ের বিরুদ্ধে অভিযান চালানো হবে।